দৈনিক ইত্তেফাক

তারিখ ... 04 DEC 1994 ...
পৃষ্ঠা ১ কলাম ৭ ...

03

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ১২২ জন শিক্ষকের পাল্টা বিবৃতি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত বৃহস্পতিবার বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদক প্রদত্ত বিবৃতির প্রতিবাদ জানাইয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২২ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বলিয়াছেন, প্রধানমন্ত্রীর একটি বক্তব্যকে কেন্দ্র করিয়া শিক্ষক সমিতির

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়

(১ম পৃঃ পর)

সভাপতি ও সাধারণ সম্পাদক শিক্ষকদের মতামত যাচাই না করিয়াই বিবৃতি প্রদান করিয়াছেন। ইহাতে সংকীর্ণ দলীয় স্বার্থে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিকে ব্যবহার করার এক দুঃখজনক উদাহরণ তৈরী হইয়াছে। ফলে দেশবাসীর চোখে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজের নিরপেক্ষ ও দায়িত্বশীল ভাবমূর্তি প্রশ্নের সম্মুখীন হইয়াছে। ইহা বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষকদের বিস্মিত ও ক্ষুব্ধ করিয়াছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতিকে সংকীর্ণ দলীয় স্বার্থে ব্যবহার করার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাই। বিবৃতিতে স্বাক্ষর করেন প্রফেসর ইয়াজউদ্দিন আহমেদ, ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী, ডঃ এম, এরশাদুল বারী, ডঃ আফসার উদ্দিন আহমেদ ডঃ মোহাম্মদ আবদুর রব, আবুল কাশেম ফজলুল হক, ডঃ সিরাজুল ইসলাম, প্রফেসর মোঃ আসাদুজ্জামান, প্রফেসর নূরুল আমিন বেপারী, ডঃ আবুল কালাম প্রমুখ।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির কার্যকরী পরিষদ সদস্য প্রফেসর ইউসুফ হায়দার ও জেড, এন, তাহমিদা বেগম এক বিবৃতিতে বলিয়াছেন, শিক্ষক সমিতির সভাপতি ও সাধারণ সম্পাদকের নামে বিভিন্ন দৈনিকে প্রকাশিত বক্তব্য সংকীর্ণ দলীয় স্বার্থে দেওয়া হইয়াছে। ইহাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিরপেক্ষ ও দায়িত্বশীল ভাবমূর্তি ক্ষুণ্ণ হইয়াছে।